# মুঠোফোনেই এইচএসসির ফল

নিজস্ব প্রতিবেদক ● ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফল পেতে প্রি-রেজিস্ট্রেশন শুরু হয়েছে। ফল প্রকাশের দিন ঘরে বসেই তা সংগ্রহ করা যাবে। গতকাল বৃহস্পতিবার টেলিটক বিজ্ঞপ্তি দিয়ে প্রি-রেজিস্ট্রেশন করার আহ্বান জানিয়েছে।

এতে বলা হয়, ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফলের প্রি-রেজিস্ট্রেশন শুরু হয়েছে। ঘরে বসে ফল পেতে রেজিস্ট্রেশন করতে হবে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে। প্রি-রেজিস্ট্রেশন করতে HSC লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নাম ও রোল লিখে স্পেস দিয়ে 2020 লিখে 16222 নম্বরে পাঠিয়ে দিতে হবে। (HSC Board Name Roll Year)। এর আগে ২৯ ডিসেম্বর শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জানিয়েছিলেন, ■ পৃষ্ঠা ১১, কলাম ৩

রাব্বী মিয়া, হুইপ মাহাবুব আরা বেগম গিনি প্রমুখ। ● **গাইবান্ধা প্রতিনিধি**

# মুঠোফোনেই এইচএসসির

**(প্রথম পৃষ্ঠার পর)** আনুষ্ঠানিকভাবে পরীক্ষা না নিয়ে এইচএসসির ফল প্রকাশ করতে আইনি প্রক্রিয়া হিসেবে অধ্যাদেশ জারি করতে হবে। জানুয়ারির প্রথম সপ্তাহেই অধ্যাদেশ জারির সম্ভাবনা রয়েছে।

প্রসঙ্গত, করোনা মহামারীর কারণে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা বাতিল করা হয়। এখন পরীক্ষার্থীদের জেএসসি ও এসএসসি এই দুই পরীক্ষার ফলের গড় করে এইচএসসির ফল প্রকাশ করা হবে। জেএসসি-জেডিসির ফলকে ২৫ এবং এসএসসির ফলকে ৭৫ শতাংশ বিবেচনায় নিয়ে ফল ঘোষিত হবে। অধ্যাদেশ জারির পর আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের ঘোষণা দেওয়া হবে।